



# উত্তরা ব্যাংক পিএলসি.

লোকাল অফিস, ঢাকা।

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মতে

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১) জনাব মোস্তাফিজুর রহমান, (চেয়ারম্যান), পিতা: মৃত মোখলেসুর রহমান, মাতা: আছিয়া আক্তার খাতুন, ঠিকানা: ফ্ল্যাট- ১/১০১, ৩/এ পুরানা পল্টন, শাহবাগ, ঢাকা, ২) জনাব রাশেদ আল মামুন (ব্যবস্থাপনা পরিচালক), পিতা- মোজাম্মেল হক, মাতা: রহিমা খানম, ঠিকানা: হাউজ- ৩২৬, রোড- ৮/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা, ৩) জনাব মির্জা মশিউর রহমান (পরিচালক), পিতা- মির্জা ফজলুর রহমান, মাতা: মোমেনা খাতুন, ঠিকানা: ইস্টার্ন ট্রেড সেন্টার, ৫৬, নয়া পল্টন, ঢাকা, ৪) জনাব আহসান উল্লাহ (পরিচালক), পিতা- মৃত আব্দুল গনি, মাতা: সুফিয়া খাতুন, ঠিকানা: হাউজ- ৭১, রোড- ৬/এ, মিরপুর- ১২, ঢাকা তাঁদের মালিকানাধীন ট্রেডেব্রেল সিরামিকস্ লিমিটেড (পূর্বের ট্রেডেব্রেল অটো ব্রিকস লিমিটেড) নামীয় কোম্পানীর নামে উত্তরা ব্যাংক পিএলসি., স্থানীয় কার্যালয়, ঢাকা, হতে প্রকল্প ঋণ হিসাবে মেয়াদী ঋণ এবং চলতি মূলধন হিসাবে সিসি (হাইপো) ঋণ গ্রহণ করেছিলেন যা মেয়াদ উত্তীর্ণ/কিস্তি পরিশোধে ব্যর্থ হওয়ায় খেলাপী ঋণে পরিণত হয়। উক্ত ঋণের জামানত হিসাবে নিম্ন লিখিত তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট রেজিস্ট্রি বন্ধক রাখেন। বারবার তলব ও তাগাদা দেয়া সত্ত্বেও ঋণ গ্রহীতাদের নিকট হতে ব্যাংকের পাওনা টাকা আদায় করা সম্ভব হয়নি। বিগত ১১/১০/২০২৩ ইং তারিখ পর্যন্ত সুদসহ ব্যাংকের সর্বমোট পাওনা টাকা ১০৩,২৪,৭৮,৮৯০.২২ (কথায় একশত তিন কোটি চব্বিশ লক্ষ আটাত্তর হাজার আটশত নব্বই টাকা বাইশ পয়সা) মাত্র। ঋণ নেওয়ার সময় ঋণ গ্রহীতাগন/বন্ধকদাতাগন বন্ধকীকৃত সম্পত্তি বিক্রি করার ক্ষমতা ব্যাংককে প্রদান করেন। তাদের প্রদত্ত ক্ষমতা বলে এবং উল্লেখিত আইনের বিধান মতে নিম্ন তফসিল বর্ণিত স্থাবর/অস্থাবর সম্পত্তি বিক্রি করার জন্য সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী ক্রেতাগণ কর্তৃক আগামী ২০/১১/২০২৩ ইং তারিখ বেলা ১ (এক) ঘটিকার মধ্যে ব্যাংকের স্থানীয় কার্যালয়ে রক্ষিত বাস্তব দরপত্র জমা করতে অথবা খামের উপর “সম্পত্তি ক্রয় দরপত্র” লিখে সরাসরি/রেজিস্ট্রি ডাকযোগে উক্ত শাখায় প্রেরণ করতে হবে এবং ঐ দিন বেলা ৩ (তিন) ঘটিকার সময় দরপত্র দাতা কিংবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হতে হবে। বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংক পিএলসি. এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচি অনুযায়ী বাকী টাকা পরিশোধ করতে হবে:-

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	বাকী টাকা পরিশোধের সময়
অনুর্ধ্ব টাকা ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন
টাকা ১০,০০,০০১/- হতে অনুর্ধ্ব টাকা ৫০,০০,০০০/-	১৫%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৬০ (ষাট) দিন
টাকা ৫০,০০,০০০/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিন

দরপত্র গৃহীত হওয়ার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লেখিত মূল্য অপর্യാপ্ত বা কম প্রতীয়মান হলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন সাকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। তফসিল ভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাবে না। তা ছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প ডিউটি ও অন্যান্য শুল্ক যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

### তফসিল

- 1) 711.00 decimal project land with steel truss factory thereon appertaining to JL No. CS & SA & RS- 09, Khatian No. CS- 43, 44, SA- 67, 68, RS- 119, 118, RS Mutation No. 242, RS Jote No. 463, Dag No. CS & SA- 448, 372, 373, 376, RS- 464, 465, 449, 450, 451, 452, 463 under Mouza- Angutia, Dist: Gazipur Sadar within Gazipur City Corporation owned by the company Tradexcel Auto Bricks Ltd.
- 2) Existing installed machineries/equipment of the factory with raw materials and finished products already stored/to be stored at factory premises situated at Angutia, Gazipur.

মহাব্যবস্থাপক

ও

চেয়ারম্যান, টেন্ডার কমিটি।